

ভীতের কাপড় পরিধান করুন  
দেশীয় শিল্পকে সহায়তা করুন

## বাংলাদেশ তীত বোর্ড

বিটিএমসি ভবন(৫ম তলা)

৭-৯, কাওরান বাজার

ঢাকা-১২১৫।

নং- ২৪.০৫.০০০০.৫১৩.৩২.৩৪৬.১৭- ১৮৯

তারিখঃ ৩৫ মে ২০১৯ খ্রিঃ।

জনাব মোঃ মাইনুল ইসলাম  
লিয়াজৌ অফিসার  
পিতাঃ আব্দুর রশিদ হাওলাদার  
গ্রামঃ দোগলচিড়া, ডাকঘরঃ দোগলচিড়া,  
থানাঃ ঝালকাঠি সদর, ঝালকাঠি-৮৪০০।

বিষয়ঃ ইস্তফাপত্র গ্রহণ প্রসংগে।


অত্র বোর্ডের ১৫.০৬.২০১৭ তারিখের ২৪.০৫.০০০০.৫১১.১১.০৪৯.১৬-২৩৪ নং স্মারকমূলে আপনাকে “লিয়াজৌ অফিসার” পদে নিয়োগ দেয়া হলে ০৩.০৭.২০১৭ তারিখে যোগদান করেন। আপনি ব্যক্তিগত ও পারিবারিক সমস্যার কারণে উক্ত পদে চাকুরী করতে অপারগতা প্রকাশ করে আপনি ২৭.০৯.২০১৮ তারিখ অপরাহ্ন হতে ইস্তফাপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করেন। ইস্তফাপত্র প্রদানকালে আপনি বোর্ডের স্থায়ী কর্মকর্তা হিসেবে কর্মরত ছিলেন।

বাংলাদেশ তীত বোর্ড কর্মচারী চাকুরী প্রবিধানমালা’ ২০১১ এর ৫১ ধারার ১ নং উপ-ধারায় ইস্তফা সম্পর্কে নিম্নরূপ উল্লেখ রয়েছেঃ

“(১) কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক ০৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হতে বিরত থাকিতে পারিবে না, এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি বোর্ডকে তাহার ০৩ (তিন) মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতি পূরণ হিসেবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।”

এছাড়া আপনি ০২ (দুই) বছর চাকুরী করবেন মর্মে অঙ্গীকার করেছেন। বাতীবো কর্মচারী চাকুরী প্রবিধানমালা’ ২০১১ এর ৫১ (১) নং উপধারা অনুযায়ী ০৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা এবং অঙ্গীকারনামার ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ক্ষতিপূরণ হিসেবে আদায়ের জন্য কর্তৃপক্ষ অনুমোদন প্রদান করেছেন। ২১.১০.২০১৮ তারিখের ৬৩৫ নং স্মারকমূলে ১৫ দিনের মধ্যে আপনাকে সর্বমোট ১,০২,৭৮০/- (এক লক্ষ দুই হাজার সাতশত আশি) টাকা পরিশোধের জন্য পত্র দেয়া হলেও আপনি অদ্যাবধি তা জমা প্রদান করেননি।

এমতাবস্থায়, আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বোর্ডের অর্থ ও হিসাব বিভাগে ক্ষতিপূরণ হিসেবে ০৩ (তিন) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ (২৪,২৬০ x ৩) = ৭২,৭৮০/- (বাহাত্তর হাজার সাতশত আশি) টাকা এবং অঙ্গীকারনামার ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকাসহ মোট ৭২,৭৮০ + ৩০,০০০ = ১,০২,৭৮০/- (এক লক্ষ দুই হাজার সাতশত আশি) টাকা জমা দেয়ার জন্য পুনরায় অনুরোধ করা হলো। অন্যথায় আপনার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।



সৈয়দ আলী আহসান

সচিব

ফোনঃ ৫৮১৫২৮৯৮



### বিতরণঃ

- ১-২। সদস্য (অর্থ/এসএন্ডএম), বাতীবো, ঢাকা।  
৩। সহকারী প্রধান (এমই) ও আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাতীবো, ঢাকা।  
(অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)  
৪। চেয়ারম্যান মহোদয়ের সমন্বয় কর্মকর্তা, বাতীবো, ঢাকা।  
৫। অফিস কপি।